| | |
|---|---|
| **PROGRAMME NAME** | B .A- HONOURS IN **BENGALI** |
| **PROGRAMME SPECIFIC OUTCOME** | সাহিত্য মানবিক মূল্যবোধ ও জীবনদর্শন গড়ে তোলে। স্নাতকস্তরে বাংলা সাহিত্য ও ভাষাবিজ্ঞান পাঠের মাধ্যমে ছাত্ররা নিজের মাতৃভাষা বাংলার উৎস এবং ইতিহাস সম্পর্কে পরিচিত হয়। প্রাচীন যুগ থেকে আধুনিক যুগ বা বলা ভাল বর্তমান সময় পর্যন্ত বাংলা সাহিত্যের বিভিন্ন শাখা- কবিতা, নাটক, প্রবন্ধ, গল্প, উপন্যাস প্রভৃতির যে ধারা, তার গতি প্রকৃতি, স্বরূপ, ক্রমবিকাশ এবং বিশেষত্ব সম্পর্কে তারা জ্ঞান লাভ করে। |

| HONOURS COURSE OUTCOMES | | | |
|---|---|---|---|
| **SEMESTER** | **COURSE CODE** | **COURSE TITLE** | **COURSE OUTCOME** |
| I | CC-1 | বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ ) | বাংলা সাহিত্যের প্রথম সূচনা কবে এবং তার যুগ বিভাগের আলোচনা। আদি ও মধ্যযুগের বাংলা সাহিত্যের রচনা ও রচয়িতাদের সম্পর্কে সম্যক ধারণা দান করাই এই পত্রের মুখ্য উদ্দেশ্য। |
| I | CC-2 | ছন্দ ও অলঙ্কার | সাহিত্যের দুটি প্রধান বিভাগ হল ছন্দ ও অলঙ্কার।কাব্যরচনার ক্ষেত্রে ছন্দের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ছন্দ কাকে বলে, ছন্দ কতপ্রকার হয় ইত্যাদি বিষয়ে আলোচনা এবং ছন্দের বিষয়ে সম্যক ধারণা দান করা এবং অলঙ্কার বলতে কি বোঝায় , অলঙ্কার কতপ্রকার ও কিকি এই বিষয়ে সম্যক ধারণা দান করাই এই পত্রের মুখ্য উদ্দেশ্য। |
| I | AECC-1 | COMPULSORY ENVS | AECC-1 is a compulsory general paper of 1st year undergraduate student. In this paper We teaches the fundamentals of environmental studies. This paper introduces the fundamental principles and concept of environmental science, ecology and related interdisciplinary subject such as policy, law, Economics, pollution control , resources management etc. |
| II | CC-3 | পদাবলি সাহিত্য | বাংলা সাহিত্যের একটি গুরুত্বপূর্ণ বিভাগ হল পদাবলি সাহিত্য। এর দুটি ভাগ-বৈষ্ণবপদাবলি ও শাক্তপদাবলি। রাধাওকৃষ্ণের মিলন ও বিরহকে অবলম্বন করে বৈষ্ণব কবিরা যেসব পদরচনা করেছেন তার পরিচয় দান করা এবং সেইসব পদের মূল্যায়ন করাই এই পত্রের মুখ্য উদ্দেশ্য। শ্যামা এবং উমাকে কেন্দ্র করে পদকাররা যেসব পদরচনা করেছেন সেগুলো হলো শাক্তপদাবলি। শ্যামা অর্থাৎ কালী এবং উমা অর্থাৎদুর্গাকে শাক্তকবিরা কখনোমাতা, কখনো কন্যারূপে পুজো করে তাদের উদ্দেশ্যে নিজের অন্তরের ভক্তির প্রকাশ করেছেন এই পদগুলোতে। জগজ্জননীকে মাতা বা কন্যারূপে আপন করে নিয়ে পদকাররা যেভাবে তাঁকে বন্দনা করেছেন তা বাংলা সাহিত্যের অমূল্যসম্পদ। এই দুই পদাবলিসাহিত্য সম্পর্কে বিস্তারিত পরিচয়প্রদান করাই এই পত্রের মুখ্য উদ্দেশ্য। |
| II | CC-4 | রামায়ণ, অন্নদামঙ্গল | সংস্কৃত রামায়ণের বঙ্গানুবাদ করে কবি কৃত্তিবাস বাংলা সাহিত্যে অমর হয়ে আছেন। সেই বাংলা রামায়ণের বৈশিষ্ট্য সম্পর্কে বিস্তারিত তথ্য তুলে ধরাই রামায়ণ পাঠের মূল উদ্দেশ্য। রামচন্দ্র ছিলেন অযোধ্যার রাজপুত্র, কিন্তু তাঁকে মূলত অবতাররূপে তুলে ধরা হয়েছে কৃত্তিবাসী রামায়ণে। বাংলা সাহিত্যের আর একটি গুরুত্বপূর্ণ বিভাগ হল মঙ্গলকাব্য। এই ধারার অন্যতম প্রধান গ্রন্থ হল কবি ভারতচন্দ্র রায়ের লেখা অন্নদামঙ্গল কাব্য। এটি রাজা কৃষ্ণচন্দ্র রায়ের অনুরোধে রচিত হয়েছে। দেবী অন্নপূর্ণার মাহাত্ম্য প্রচার করা এবং মর্ত্যে দেবী অন্নপূর্ণার পূজা প্রচারের কাহিনী তুলে ধরাই এই গ্রন্থ রচনার মুখ্য উদ্দেশ্য। মধ্যযুগের শেষ প্রতিভূ কবি ভারতচন্দ্র রায়ের |

| | | | |
|---|---|---|---|
| | | | প্রতিভার সম্পর্কে সম্যক ধারণা দান করাই এই পত্রের মুখ্য উদ্দেশ্য। |
| II | AECC-2 | COMMUNICATIVE ENGLISH/MIL (BENGALI/FRENCH) | COURSE OUTCOME GIVEN SHEET CONTAINING IN ENGLISH , BENGALI , FRENCH AECC-2 (SEMESTER-2) |
| III | CC-5 | বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০১--১৯৫০) | এই পর্ব হল বাংলা সাহিত্যের আধুনিক যুগ। এই পর্বে বাংলা সাহিত্যের বহুধা বিকাশ ঘটেছে। পাশ্চাত্য সাহিত্যের প্রভাবে এই সময়ের সাহিত্য অনেকাংশেই সমৃদ্ধ হয়েছে। এই সময় কালে রচিত নানা উল্লেখযোগ্য সাহিত্য ও তার রচয়িতাদের সম্পর্কে সম্যক ধারণা দান করাই এই পত্রের মুখ্য উদ্দেশ্য। এই পর্বের উল্লেখযোগ্য সাহিত্য হল মহাকাব্য, সনেট, আধুনিক গীতিকবিতা, উপন্যাস, ছোটগল্প, নাটক, গদ্যসাহিত্য বা প্রবন্ধ ইত্যাদি। |
| III | CC-6 | ভাষাতত্ত্ব | ভাষা হল সাহিত্য রচনার প্রধান উপাদান। তাই সাহিত্য আলোচনা করতে গেলে ভাষা সম্পর্কে সম্যক ধারণা থাকা প্রয়োজন। বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে নানান বিষয়ের আলোচনা এই পত্রের মুখ্য বিষয়। পদ, শব্দ,বাক্য ইত্যাদি ব্যাকরণের নানান দিকের পরিচয়ও এই পত্রের মুখ্য উদ্দেশ্য। |
| III | CC-7 | ঊনিশ শতকের কাব্য | আধুনিক গীতিকবিতা ও অন্যান্য কাব্যের সঙ্গে পরিচয়দান করাই এই পত্রের মুখ্য উদ্দেশ্য। এতে আছে মাইকেল মধুসূদন দত্ত রচিত বীরাঙ্গনা নামক পত্রকাব্য এবং বিহারীলাল চক্রবর্তী রচিত সারদামঙ্গল কাব্য ,যার মধ্যে দিয়ে আধুনিক রোমান্টিক কবিতার সুচনা হয়েছে। তাই দুটি কাব্য পাঠের মধ্য দিয়ে ছাত্রছাত্রীদের আধুনিক পত্রকাব্য ও রোমান্টিক কবিতার সঙ্গে পরিচয় করিয়ে দেবার চেষ্টা করা হয়েছে। |
| III | SEC-1 | বাংলা ব্যাকরণ | ভাষা শিক্ষার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ বিষয় হল ব্যাকরণ। বাংলা ভাষা শিক্ষার জন্য ও পদ, সন্ধি, সমাস, কারক , বিভক্তি ,বাচ্য ও বাক্য পরিবর্তন সম্পর্কে ছাত্রছাত্রীদের সম্যক পরিচয় দান করাই এই পত্রের মুখ্য উদ্দেশ্য। ব্যাকরণ হল ভাষাশিক্ষার মূল বুনিয়াদ। সেই বনিয়াদটি দৃঢ় হলে তবেই ভাষা জ্ঞান এবং তার মাধ্যমে সাহিত্যের রসাস্বাদন সম্ভব। |
| IV | CC-8 | কবিতা | আধুনিক বাংলা কবিতার ক্ষেত্রে রবীন্দ্রনাথের কবিতা ও পরবর্তীকালে লেখা নানান কবির কবিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই রবীন্দ্রনাথের কয়েকটি কবিতার মাধ্যমে রবীন্দ্রনাথের কাব্যপরিচয়, রবীন্দ্রনাথের জীবনাদর্শের পরিচয় ছাত্রছাত্রীদের কাছে তুলে ধরার চেষ্টা করা হয়েছে। রবীন্দ্র পরবর্তীকালের বেশ কয়েকজন কবির কবিতার বৈশিষ্ট্য ও পরিচয় দান করাই এই পত্রের উদ্দেশ্য। |
| | CC-9 | উপন্যাস | |

| | | | |
|---|---|---|---|
| IV | | | আধুনিক বাংলা সাহিত্যের একটি গুরুত্বপূর্ণ বিভাগ হল উপন্যাস।বঙ্কিমচন্দ্রের হাত ধরেই বাংলা উপন্যাসের আবির্ভাব হয়েছে বাংলা সাহিত্যে। তাই তাঁর লেখা চন্দ্রশেখর উপন্যাস এবং তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের লেখা গণদেবতা উপন্যাসের মধ্য দিয়ে উপন্যাস কাকে বলে এর বৈশিষ্ট্য সম্পর্কে বিস্তারিত ধারণা ছাত্রছাত্রীদের কাছে তুলে ধরাই হল এই পত্রের মুখ্য উদ্দেশ্য। |
| IV | CC-10 | নাটক | সাহিত্যের একটি গুরুত্বপূর্ণ বিভাগ হল নাটক, যেখানে অভিনয়ের মাধ্যমে সাহিত্যকে আরও বেশি করে পাঠক বা দর্শকদের কাছে তুলে ধরা হয়। সেই নাটক ও অভিনয় সম্পর্কে বিস্তারিত ধারণা দান করাই এই পত্রের উদ্দেশ্য। নীলবিদ্রোহকে কেন্দ্র করে দীনবন্ধু মিত্রের লেখা নাটক নীলদর্পণ এবং রবীন্দ্রনাথের লেখা অন্যতম সাঙ্কেতিক নাটক শারদোৎসব পাঠ্য করে ছাত্রছাত্রীদের এই বিষয়ে সম্যক ধারণা দান করার চেষ্টা করা হয়েছে। |
| IV | SEC-2 | পত্রলিখন, অনুচ্ছেদ , প্রতিবেদন, ভাবার্থ ও ভাবসম্প্রসারণ | এই বিষয় গুলো শিক্ষার মধ্য দিয়ে ছাত্রছাত্রীদের বাংলাভাষা ও সাহিত্য রচনার পদ্ধতি সম্পর্কে সম্যক ধারণা দান করাই এই পত্রের মুখ্য উদ্দেশ্য। |
| V | CC-11 | গল্প | আধুনিক বাংলা সাহিত্যের আর একটি গুরুত্বপূর্ণ বিভাগ হল ছোটগল্প। মানব মনের ছোট ছোট সুখ-দুঃখ অবলম্বন করে গল্পকার রচনা করেন ছোটগল্প। রবীন্দ্রনাথের হাত ধরেই বাংলা ছোটগল্পের জয়যাত্রা শুরু। তাই রবীন্দ্রনাথের কয়েকটি ছোটগল্প ও পরবর্তীকালের বিভিন্ন গল্পকারের লেখা কয়েকটি গল্পপাঠের মাধ্যমে ছোটগল্প সম্পর্কে সম্যক ধারণা দান করাই এই পত্রের মুখ্য উদ্দেশ্য। |
| V | CC-12 | প্রবন্ধ ও প্রাচ্যকাব্যতত্ত্ব | সাহিত্যের একটি গুরুত্বপূর্ণ বিভাগ হল প্রবন্ধ , যেখানে নানান যুক্তিশৃঙ্খলার সাহায্যে লেখক তাঁর মনের কথা প্রকাশ করে থাকেন। সেইরকম কিছু প্রবন্ধকারের লেখা কয়েকটি প্রবন্ধ এই পত্রের পাঠ্যবিষয়। একই সঙ্গে আছে কাব্যতত্ত্ব বিষয়ে অর্থাৎ কাব্যের রসাস্বাদন কিভাবে সম্ভব হয় তার আলোচনা এই পত্রের মুখ্য উদ্দেশ্য। |
| V | DSE-1 | ১৯ শতকের কাব্য ও প্রবন্ধ | ১৯ শতকের বাংলা গীতিকবিতা ও আখ্যানকাব্য। এর উদ্ভব ও ক্রমবিকাশ। এবং ১৯ শতকের বাংলা প্রবন্ধের উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে আলোচনার মাধ্যমে ছাত্রছাত্রীদের সাহিত্যের এই বিভাগ দুটির একটি সম্যক ধারণা দেওয়া হয়েছে। |
| V | DSE-2 | ১৯ শতকের নাটক ও কথাসাহিত্য | ১৯ শতকের বাংলা নাটক ও কথাসাহিত্য অর্থাৎ ছোটগল্প ও উপন্যাস এর উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে বিস্তারিত আলোচনা করে ছাত্রছাত্রীদের এই বিষয়ে সম্যক ধারণা দান করাই এই পত্রের মুখ্য উদ্দেশ্য। |

| | | | |
|---|---|---|---|
| VI | CC-13 | সংস্কৃতওইংরেজিসাহিত্যেরইতিহাস | বাংলা ভাষা ও সাহিত্যের সঙ্গে এই দুই ভাষা ও সাহিত্যের অনেক যোগ আছে। সংস্কৃত ভাষা থেকে বাংলা ভাষার উদ্ভব , তাই সংস্কৃত থেকে প্রচুর সাহিত্যের অনুবাদ বাংলাতে করা হয়েছে ,সংস্কৃত কবিদের ও যথেষ্ট প্রভাব বাংলা সাহিত্যে রয়েছে। ঠিক তেমনি ইংরেজি সাহিত্যের ও বেশ কিছু আধুনিক বাংলা সাহিত্যে আছে। তাই এই দুই সাহিত্যের কিছু সাহিত্যিকদের রচনার সঙ্গে বাংলা সাহিত্যের ছাত্রছাত্রীদের পরিচয় করিয়ে দেবার জন্যই এই পত্রের উপস্থাপনা। |
| VI | CC-14 | সাহিত্যের রূপরীতি ও সংরূপ | সাহিত্যের ক্ষেত্রে নানান মতবাদ প্রকাশিত হয়, যেমন রোমান্টিসিজম, ক্লাসিসিজম, রিয়ালিজম ইত্যাদি বিষয়ে আলোচনার মাধ্যমে ছাত্রছাত্রীদের এই বিষয়ে সম্যক ধারণা দেবার জন্যই এই সাহিত্যের রূপরীতির পত্রের গুরুত্ব। সাহিত্যের নানাবিভাগের উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে বিস্তারিত ধারণা ছাত্রছাত্রীদের দেওয়ার জন্যই এই সংরূপ বিষয়ের উপস্থাপনা। |
| VI | DSE-3 | বিশ শতকের বাংলা কথাসাহিত্য (স্বাধীনতাপূর্ব) | বিশ শতকে রচিত বাংলাসাহিত্যের উপন্যাস এবং ছোটগল্পের সম্পর্কে সম্যক ধারণা দান করাই এই পত্রের মুখ্য উদ্দেশ্য। |
| VI | DSE-4 | সাহিত্য বিষয়ক প্রবন্ধ ও লোকসাহিত্য | সাহিত্যের নানা বিষয়কে কেন্দ্র করে একটি মৌলিক প্রবন্ধরচনার মধ্য দিয়ে ছাত্রছাত্রীদের রচনাশক্তির মূল্যায়ন করাই এই পত্রের উদ্দেশ্য। সাহিত্যের আর একটি দিক হল লোকসাহিত্য অর্থাৎযে সাহিত্য লিখিতরূপেনয় , লোকের মুখে মুখে প্রচলিত হয়ে যুগপরম্পরায় প্রবাহিত হয়ে চলেছে তার সঙ্গে ছাত্রছাত্রীদের পরিচয় করিয়ে দেবার জন্যই এই পত্রের লোকসাহিত্য বিভাগের উপস্থাপনা। এর মধ্যে রয়েছে ধাঁধা, প্রবাদ, ছড়া, লোকসঙ্গীত , লোকনাট্য , ময়মনসিংহগীতিকা ইত্যাদির আলোচনা। |